**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) দেশজুড়ে আজ জনজাতীয় গৌরব দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে গুজরাটের আদিবাসী অধ্যুষিত নর্মদা জেলার দেদিয়াপাড়া শহরে ৯,৭০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজ্যের জনজাতিদের সার্বিক উন্নয়নে একগুচ্ছ প্রকল্প ঘোষণা করেন।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ধরতি আবা জনজাতি উৎকর্ষ অভিযান প্রকল্পে সাব্রুম মহকুমার ভুরাতলী একলব্য স্কুল ছাত্রদের ১০০ শয্যা ও ছাত্রীদের ১০০ শয্যার হস্টেলের ভার্চুয়ালভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ।**

**(৫) জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের চতুর্থ খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করেছে।**

*************************************

**Birsa Munda :**

জাতীয় স্বাধীনতা সংগ্রামী বীরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী জনজাতীয় গৌরব দিবস দেশজুড়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদী বলেছেন যে, বিদেশী শাসনের অন্যায়ের বিরুদ্ধে বিরসা মুন্ডার সংগ্রাম এবং আত্মত্যাগ প্রতিটি প্রজন্মকে অনুপ্রাণিত করবে। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বিরসা মুন্ডাকে আদিবাসী পরিচয়, ভারতীয় গর্বের

প্রতীক এবং একজন মহান স্বাধীনতা সংগ্রামী হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেন, ধরতি আবা একদিকে আদিবাসী সম্প্রদায়কে তাদের সংস্কৃতি ও অধিকার রক্ষায় অনুপ্রাণিত করেছিলেন, অন্যদিকে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তাদের ঐক্যবদ্ধ করেছিলেন এবং উলগুলান আন্দোলনের নেতৃত্ব দেওয়ার জন্য উৎসাহিত করেছিলেন।

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে তাঁকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন। তিনি জনজাতীয় গৌরব দিবসে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

***************************

**PM, Surat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে গুজরাটের আদিবাসী অধ্যুষিত নর্মদা জেলার দেদিয়াপাড়া শহরে ৯,৭০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পগুলি পরিকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা এবং ঐতিহ্যের উপর, বিশেষ করে আদিবাসী ক্ষমতায়নের উপর লক্ষ্য রেখে পরিকল্পনা করা হয়েছে। কিংবদন্তি আদিবাসী নেতা এবং স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুন্ডার ১৫০ তম জন্মবার্ষিকী, জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে এই প্রকল্পগুলি চালু করা হয়। এই উপলক্ষে এক সমাবেশে প্রধানমন্ত্রী মোদী বলেন, হাজার হাজার বছর ধরে ভারতের চেতনার অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে আদিবাসী গর্ব।

####Byte-PM 1####

তিনি উল্লেখ করেন যে যখনই দেশের সম্মান, আত্মসম্মান এবং স্ব-শাসনের প্রশ্ন উঠেছে, তখনই ভারতের আদিবাসী সমাজ সামনের সারিতে দাঁড়িয়েছে। তিনি জোর দিয়ে বলেন যে দেশ স্বাধীনতা আন্দোলনে আদিবাসী সমাজের অবদান ভুলতে পারে না।

####Byte-PM 2####

এর আগে, শ্রী মোদী মুম্বাই-আহমেদাবাদ হাই-স্পিড রেল করিডোরের অগ্রগতি পর্যালোচনা করতে গুজরাটের সুরাটে নির্মাণাধীন বুলেট ট্রেন স্টেশন পরিদর্শন করেন।

*************************

**Janajati Gourav Diwas-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজ্যের জনজাতিদের সার্বিক উন্নয়নে একগুচ্ছ প্রকল্প ঘোষণা করেন। আজ খুমুলুং এর খুম্পুই একাডেমী প্রাঙ্গণে ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে জনজাতীয় গৌরব দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি এই প্রকল্পগুলির ঘোষণা করেন। মুখ্যমন্ত্রী বলেন, চলতি আর্থিক বছরে বিভিন্ন ছাত্র-ছাত্রী নিবাসে আরো ২ হাজার ৭০০টি আসন বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ছাত্রাবাস বৃত্তির হার বর্তমানে দৈনিক ৮০ টাকা থেকে বৃদ্ধি করে দৈনিক ১০০ টাকা করা হবে যা আগামী পয়লা ডিসেম্বর থেকে কার্যকর হবে। আগরতলার অভয়নগরে কলেজ পড়ুয়া ছাত্রদের জন্য ৫ কোটি ৭৪ লক্ষ টাকা ব্যয়ে ১০০ আসন বিশিষ্ট একটি বয়েজ হোস্টেল নির্মাণ করা হবে। মুখ্যমন্ত্রী আরো বলেন, এ বছর থেকে এনজিও পরিচালিত জনজাতি ছাত্রছাত্রীদের হোস্টেলগুলিতেও ক্রীড়া সামগ্রী বিতরণ করা হবে। এর জন্য ৯০ লক্ষ টাকা ব্যয় হবে। আরো ৭০টি জনজাতি হোস্টেলে স্মার্ট ক্লাসের ব্যবস্থা করা হবে। এর জন্য ব্যয় হবে ২ কোটি ৮০ লক্ষ টাকা। মুখ্যমন্ত্রী জনজাতি কল্যান মিশনের উদ্যোগে ১৯ কোটি টাকা আর্থিক সহায়তায় ৫০টি জনজাতি হোস্টেলে সৌরশক্তি ভিত্তিক জল পরিশোধক সহ কম্পোজিট সৌর ইউনিট স্থাপন করা হবে। তিনি বলেন ৫০০টি বৈদ্যুতিন অটো বেকার জনজাতি যুবকদের মধ্যে বিতরণ করা হবে। এর জন্য ব্যয় হবে কুড়ি কোটি টাকা। তাছাড়া ত্রিশ হাজার জনজাতি মহিলাকে সুতা বিতরণ করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। অনুষ্ঠানে বিশেষ আকর্ষণ ছিল এক হাজারেরও বেশী জনজাতি ছাত্রছাত্রী দ্বারা পরিবেশিত 'মামিতা" নৃত্য। অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন জনজাতি গোষ্ঠীর ঐতিহ্যবাহী নৃত্য ও সঙ্গীত পরিবেশনা, বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য জনজাতি ব্যক্তিত্বদের সন্মাননা প্রদান করা হয়। জনজাতিদের ঐতিহ্যবাহী খাবার, পোশাক এবং গয়নার প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র খোলা হয় খুম্পুই একাডেমী প্রাঙ্গণে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা সহ মন্ত্রিসভার সদস্যগণ, এ.ডি.সির মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র

জমাতিয়া ও রাজ্যের বিভিন্ন জনজাতি গোষ্ঠীর সমাজপতিগণ।

**************************************

**Janajati Gourav Diwas-Unakoti :**

শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্য সরকার জনজাতি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী ঝুমুর নৃত্যকে স্বীকৃতি দিয়েছে। এবার থেকে প্রতিবছর রাজ্যে ঝুমুর উৎসব পালিত হবে। আজ কৈলাশহরের রাংরুং চা-বাগান হাইস্কুল মাঠে ভগবান বীরসা মুন্ডার জন্মজয়ন্তী উপলক্ষ্যে জনজাতি গৌরব দিবস ও রাজ্যভিত্তিক ঝুমুর ও চা- উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য সাহা, চন্ডীপুর ব্লকের BDO দেবপ্রিয়া দাস প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের মোট বাইশটি স্টল খোলা হয়। তাছাড়া স্বাস্থ্য পরীক্ষা শিবির সহ বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে আয়ুষ্মান কার্ড, শীতবস্ত্র বিতরণ, সার্টিফিকেট প্রদান ও পোষন কিট তুলে দেওয়া হয়।

**************************

**Janajatiya Gourav Diwas-Rally :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে আগরতলা উমাকান্ত একাডেমী স্কুলের সামনে থেকে আয়োজিত শোভাযাত্রায় অংশ নেন। তিনি বলেন, জনজাতিদের নিয়ে চিন্তাধারার পরিবর্তন এনে অনগ্রসর জনজাতি জেলাগুলিকে সামনের সারিতে নিয়ে আসার যে প্রয়াস হাতে নিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, সেই ধারা অব্যাহত রেখে ত্রিপুরা সরকারও জনজাতিদের উন্নয়নে নিরলস ভাবে কাজ করে চলেছে। শোভাযাত্রায় অংশ নেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Virtual Opening :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ধরতি আবা জনজাতি উৎকর্ষ অভিযান প্রকল্পে সাব্রুম মহকুমার ভুরাতলী একলব্য স্কুল ছাত্রদের ১০০ শয্যা ও ছাত্রীদের ১০০ শয্যার হস্টেলে ভার্চুয়ালভাবে ভিত্তিপ্রস্তুর স্থাপন করেন। অনুষ্ঠানে দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়াও পিএম জনমন প্রকল্পে জোলাইবাড়ি ব্লকের শ্রীকান্তবাড়ি ভিলেজের বঙ্গরাই পাড়ায় একটি বহুমুখী সংস্কৃতি কেন্দ্রেরও ভার্চুয়াল মাধ্যমে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। পিজিটি দপ্তরের মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া সহ স্হানীয় জন প্রতিনিধিরা উপস্থিত ছিলেন অনুষ্ঠানে।

***************************

**Janajati Gourav Diwas-Gomati :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ অমরপুরে গোমতী জেলাভিত্তিক জনজাতি গৌরব দিবসের উদ্বোধন করেন। অনুষ্ঠানে ৬২ জন জনজাতি সুবিধাভোগীকে সরকারি বিভিন্ন শংসাপত্র, রেশন কার্ড, জমির পাট্টা ও কৃষাণ ক্রেডিট কার্ড প্রদান করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ

জমাতিয়া, রঞ্জিত দাস, জিতেন্দ্র মজুমদার, সঞ্জয় মানিক ত্রিপুরা, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় প্রমুখ।

*****************************

**Janajati Gourav Diwas-South :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ মনু বনকুল মহমুনি বৌদ্ধ মন্দির প্রাঙ্গনে দক্ষিন জেলাভিত্তিক জনজাতি গৌরব দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ প্রমুখ।

****************************

**Janajatiya Gourav Diwas-Khowai :**

খোয়াই চা বাগান উষ্চ বিদ্যালয়ের মাঠেও ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জেলাভিত্তিক জন্মজয়ন্তী উৎসব তথা জনজাতি গৌরব দিবস উদযাপন করা হয়। একটি বর্ণাঢ্য শোভাযাত্রা খোয়াই বনবীথি ইকো পার্কে গিয়ে শেষ হয়। সেখানে ভগবান বিরসা মুন্ডার মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। চা-বাগান বিদ্যালয়ের মাঠে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ।

*****************************

**Birsa Munda-Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলা প্রদেশ কংগ্রেস ভবনে ভগবান বীরসা মুন্ডার ১৫০ তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। বীরসা মুন্ডার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা সহ আদিবাসী কংগ্রেস নেতৃত্ব। শ্রী সাহা বীরসা মুন্ডার জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

***************************

**Safai Mitra-Udaipur :**

উদয়পুর পুর পরিষদের উদ্যোগে আজ রাজর্ষি হলে সাফাই মিত্র সুরক্ষা শিবির ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার। উদয়পুর পুর পরিষদ, গোমতি জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি আয়োজিত এই শিবিরে সাফাই মিত্র বন্ধুদের স্বাস্থ্য পরীক্ষা ও বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।

***************************

**Sepahijala District-Level Youth Festival :**

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন। জেলা প্রশাসন ও জিলা পরিষদের সহায়তায় যুব বিষয়ক ক্রীড়া দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন খেলা ভৌমিক। যুব উৎসবে বিজ্ঞান প্রদর্শনী ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

***************************

**Under-23 Cricket :**

জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের চতুর্থ খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করেছে। জয়পুরের ডা. সোনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৩ উইকেটে হায়দ্রাবাদকে হারিয়ে দেয়।

******************************

**Women's Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া লিগ ফুটবল প্রতিযোগিতার আজ চতুর্থ রাউন্ডের দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা পুলিশ ২-০ গোলে বিশ্রামগঞ্জ প্লে সেন্টারকে পরাজিত করে। অপর ম্যাচে ত্রিপুরা স্পোর্টস স্কুল ৭-০ গোলে ফুলোঝানু এথলেটিক্স ক্লাবকে হারিয়ে দেয়।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************************